



কম্পিউটার মেলা দারুণ জমে উঠেছে

স্টাফ রিপোর্টার ॥ ঢাকার আগারগাঁওয়ের বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত কম্পিউটার মেলা প্রথম দিনেই দারুণ জমে উঠেছে। উদ্বোধনের পর সোমবার মেলা সাধারণ দর্শকদের জন্য উন্মুক্ত করা হলে সন্ধ্যা পর্যন্ত ২৫ সহস্রাধিক দর্শক সমাগম হয়। স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীসহ তরুণ প্রজন্মের দর্শকই মেলায় বেশি ভিড় করেছে। মেলায় স্থাপিত সাইবার ক্যাফেতে বিনামূল্যে ইন্টারনেট ব্যবহারের জন্য দীর্ঘ লাইন পড়ে যায়। মেলা উপলক্ষে প্রতিটি প্রতিষ্ঠানই স্পেশাল অফার দিয়েছে। পণ্যের মূল্য হ্রাস এবং আকর্ষণীয় পুরস্কার ছাড়াও সেমিনার আয়োজন, ভিডিও কনফারেন্সিং চলছে।

বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস) আয়োজিত 'বিসিএস কম্পিউটার শো-২০০২' শীর্ষক তথ্যপ্রযুক্তির এ মেলায় ১২৩টি প্রতিষ্ঠানের ১৮০টি স্টল অংশ নিয়েছে। এর মধ্যে সম্মেলন কেন্দ্রের নিচের ফ্লোরে ১২৮টি এবং উপরের ফ্লোরে ৫২টি প্রতিষ্ঠান রয়েছে। সোমবার মেলায় গিয়ে দেখা যায়, শত শত দর্শক লাইন ধরে টিকিট সংগ্রহ করে মেলার ভিতরে প্রবেশ করছে। মেলা প্রাঙ্গণ ১৮০টি প্রতিষ্ঠানের পতাকা দিয়ে সাজানো হয়েছে। হলের সামনেই পুরস্কারের গাড়িটি সাজিয়ে রাখা হয়েছে। পাশেই রয়েছে ব্যাফেল ড্রয়ের কুপন ফেলার বক্স। মূল মেলার জায়গায় ঢুকলেই দেখা যাবে হার্ডওয়্যার, সফটওয়্যার, ইন্টারনেট ও কম্পিউটার ট্রেনিং ইনস্টিটিউটের প্রতিষ্ঠানগুলোকে পরিকল্পিতভাবে সাজানো হয়েছে। প্রতিটি স্টলের সামনেই মূল্য হ্রাস এবং স্পেশাল অফারের বক্তব্য বুলছে। ফ্লোরের দোতলায় একটি সুসজ্জিত কক্ষে ৩০টি কম্পিউটার দিয়ে চলছে চমৎকার একটি সাইবার ক্যাফে। সিকিউরিটির লোকজন শৃঙ্খলা বজায় রাখছেন। দর্শকরা লাইন ধরে দাঁড়িয়ে আছেন। একদল বের হচ্ছেন, আরেক দল ঢুকছেন। এবার মেলায় অনেক নতুন পণ্য এসেছে। আগামী ৩০ মার্চ পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত মেলা চলবে।